



&gt; প্রবাস

# মালদ্বীপে 'হিউম্যান হারমনি' সম্মাননা পেলেন ৯ বাংলাদেশি

'মানবসম্প্রীতি ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে' অবদানের জন্য এ সম্মাননা পেয়েছেন তারা।



কে এম ওমর ফারুক, মালদ্বীপ থেকে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 11 Oct 2025, 11:10 AM

Updated : 11 Oct 2025, 11:10 AM

20  
Shares



এশিয়ান বিজনেস পার্টনারশিপ সামিট আয়োজিত 'হিউম্যান হারমনি কনফারেন্স অ্যান্ড অ্যাওয়ার্ড ২০২৫'-এ মানবসম্প্রীতি ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে অবদানের জন্য ৯ বাংলাদেশি প্রবাসীকে সম্মাননা দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার রাতে রাজধানী মালেতে ভিলা ইন্টারন্যাশনাল কলেজ অডিটোরিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে বাংলাদেশসহ আটটি দেশের মোট ৪০ জনকে এ সম্মাননা দেওয়া হয়।

বাংলাদেশি পুরস্কারপ্রাপ্তদের মধ্যে রয়েছেন- সাউথ এশিয়া ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূরুল আলম চৌধুরী, ইসলামি বাণিজ্যিক বীমা পিএলসির প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মোকাররম দস্তগীর, নামকো গ্রুপ অব কোম্পানির চেয়ারম্যান মো. সোহেল রানা, হাসিল ইনভেস্টমেন্ট প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. খলিলুর রহমান, রিম গ্রুপের উপব্যবস্থাপনা পরিচালক মো. ওবায়দুল হক সরকার, আমির গ্রুপের চেয়ারম্যান এএম জিয়াবুল, নওসি ইন্টারন্যাশনাল লিমিটেডের চেয়ারম্যান মো. ফজলে নওয়াজ, মা ইনভেস্টমেন্ট প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং পার্টনার আলতাফ হোসাইন এবং সেন্ট্রাল পুলিশ হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট (ইএনটি) বাসুদেব কুমার সাহা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মালদ্বীপের মৎস্য ও মহাসাগর সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রী মোহাম্মদ মুখালিব। তিনি তার বক্তব্যে মানবসম্প্রীতি, শিক্ষা, স্বাস্থ্য, পর্যটন ও বাণিজ্য শিল্পের উন্নয়নে সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মালদ্বীপের অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের উপমন্ত্রী আহমেদ সাঈদ মুস্তাফা, নেপালের সাবেক পর্যটন ও সিভিল এভিয়েশন মন্ত্রী আনন্দ প্রসাদ পোখারেল, মালদ্বীপের ক্রীড়া ও বিনোদন মন্ত্রণালয়ের উপমন্ত্রী হুসেইন নিহাদ এবং ইসলাম বিষয়ক মন্ত্রণালয়ের উপমন্ত্রী আব্দুল জালিল ইসমাইল।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এশিয়ান বিজনেস পার্টনারশিপ সামিটের নির্বাহী পরিচালক গোলাম ফারুক মজনু।

তিনি বলেন, “বিশ্ব শান্তি ও উন্নয়নের জন্য মানবসম্প্রীতি অপরিহার্য। আন্তর্জাতিক ব্যবসা ও পর্যটন শিল্পের অগ্রগতির জন্য এশিয়ার দেশগুলোর মধ্যে সহজ ভিসা নীতি প্রণয়ন এখন সময়ের দাবি।”



গুগল নিউজে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম কে ফলো করুন

মালদ্বীপ

মালে

প্রবাসী বাংলাদেশি

## এ সম্পর্কিত খবর

কুয়েতে বাংলা প্রেস ক্লাবের সভাপতি সুমন, সাধারণ সম্পাদক জুবেদ



ফ্রান্সে 'আশা এবং আমার সংগ্রাম' বইয়ের প্রকাশনা উৎসব



আরও পড়ুন



কুমিল্লায় এইচএসসিতে পাস  
৫ বছরে সবচেয়ে কম

ADMISSION OPEN INTERNATIONAL STANDARD UNIVERSITY 01313 400 600

এইচএসসি: কুমিল্লা বোর্ডে পাসের হার ৪৮ দশমিক ৮৬ শতাংশ



লক্ষ্মীপুরের তিন কলেজে পাশ করেনি কেউ



হিরো আলমকে 'হত্যার চেষ্টা': জামিন পেলেন ম্যাক্স অভি



এইচএসসি: ভিকারুননিসায় শিক্ষার্থীদের উদযাপন

ADMISSION OPEN INTERNATIONAL STANDARD UNIVERSITY 01313 400 600

এইচএসসি: শতভাগ পাস না হলেও ভিকারুননিসায় উচ্ছ্বাস

আরও পড়ুন

মতামত

## আমীন আল রশীদ

জুলাই সনদ: ঐক্যের দলিল না বিভেদের নতুন খসড়া?



## রাহাত মিনহাজ

টিভি চ্যানেলের লাইসেন্স: অনিয়মই যেখানে নিয়ম



## শাহরিয়ার নোবেল

'প্রয়োজনের প্রেম': ভারত-আফগানিস্তানের নয়া কূটনীতি



## অলোক আচার্য

বাংলাদেশের খেলনা শিল্প ও গ্রামীণ অর্থনীতির বিকাশ



আরও পড়ুন

**bdnews24.com**

প্রধান সম্পাদক ও প্রকাশক: তৌফিক ইমরোজ খালিদী

খবর

বাংলাদেশ সমগ্র বাংলাদেশ বিশ্ব রাজনীতি অর্থ ও বাণিজ্য অর্থনীতি বাণিজ্য পুঁজিবাজার প্রবাস পরিবেশ বিজ্ঞান স্বাস্থ্য ক্যাম্পাস

ফিচারস

লাইফস্টাইল গ্লিটজ টেক আর্টস কিডজ

## অন্যান্য

হ্যালো ভিডিও ছবিঘর ছবির গল্প সবিশেষ

## খেলা

খেলা ক্রিকেট

## মতামত

মতামত

Follow us     

[Disclaimer & Privacy Policy](#) | [About Us](#) | [Contact Us](#)



Copyright © 2025, bdnews24